

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ২০ আগস্ট ২০১৪/০৫ ভাদ্র ১৪২১

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪.১৩১ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত দিক-নির্দেশনা প্রদান ও মনিটরিং-এর জন্য নিম্নরূপভাবে জাতীয় কমিটি গঠন করেছে:

(ক) কমিটির গঠন :

(১)	প্রধানমন্ত্রী	চেয়ারপারসন
(২)	মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়	সদস্য
(৩)	মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়	সদস্য
(৪)	মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য
(৫)	মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয়	সদস্য
(৬)	মন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয়	সদস্য
(৭)	মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
(৮)	মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়	সদস্য
(৯)	প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা	সদস্য
(১০)	নির্বাহী চেয়ারম্যান, বিনিয়োগ বোর্ড	সদস্য
(১১)	প্রতিমন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	সদস্য
(১২)	মন্ত্রিপরিষদ সচিব	সদস্য
(১৩)	প্রধানমন্ত্রীর মুখ্য সচিব	সদস্য
(১৪)	সিনিয়র সচিব, অর্থ বিভাগ	সদস্য
(১৫)	সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
(১৬)	সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়	সদস্য
(১৭)	সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	সদস্য
(১৮)	সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	সদস্য
(১৯)	সচিব, পরিকল্পনা বিভাগ	সদস্য
(২০)	সচিব, বিদ্যুৎ বিভাগ	সদস্য
(২১)	সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
(২২)	চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	সদস্য
(২৩)	ড. নঈম চৌধুরী, সাবেক চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	সদস্য
(২৪)	প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন (১ম পর্যায়) প্রকল্প	সদস্য
(২৫)	সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	সদস্য-সচিব

৩

(খ) কমিটির কার্যপরিধি :

- (১) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের প্রাক-বাস্তবায়ন, বাস্তবায়ন পর্যায়ের মনিটরিং এবং বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;
- (২) প্রকল্পের স্বত্বাধিকার নির্ধারণ, প্রকল্প বাস্তবায়ন পদ্ধতি নির্বাচন এবং প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে অর্থ যোগানের বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;
- (৩) প্রকল্প বাস্তবায়নের পথে বাধাসমূহ চিহ্নিতকরণ ও এ সম্পর্কিত বাধাসমূহ দূরীকরণে সম্ভাব্য ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান;
- (৪) পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র সরবরাহকারী সম্ভাব্য রাষ্ট্রসমূহের সাথে প্রকল্প বাস্তবায়ন ও যথাযথ পরিচালনার বিষয়গুলো বিবেচনায় এনে দ্বিপাক্ষিক চুক্তি সম্পাদনের বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা ও সম্পাদিত চুক্তিসমূহের অগ্রগতি পর্যবেক্ষণ;
- (৫) প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করা এবং সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামোগত পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন, মানব সম্পদ উন্নয়ন এবং নিউক্লিয়ার সায়েন্স ও নিউক্লিয়ার টেকনোলজি সম্পর্কিত শিক্ষা, গবেষণা ও উন্নয়ন কার্যক্রম গ্রহণে দিক-নির্দেশনা প্রদান;
- (৬) প্রকল্প বাস্তবায়নে যে সকল আন্তর্জাতিক মানদণ্ড পূরণ অত্যাৱশ্যক সে সকল মানদণ্ড পূরণের লক্ষ্যে প্রয়োজনীয় চুক্তিসমূহ সম্পাদনের প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;
- (৭) দেশের পারমাণবিক নিরাপত্তা নিশ্চিতকরণ ও তেজস্ক্রিয় বিকিরণ নিয়ন্ত্রণের লক্ষ্যে বিদ্যমান আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিতকরণসহ উপযুক্ত আইন প্রণয়ন ও নিউক্লিয়ার রেগুলেটরি অবকাঠামো উন্নয়ন/প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;
- (৮) প্রকল্প বাস্তবায়নে দেশজ প্রযুক্তি, সম্পদ ও অবকাঠামোর সর্বাধিক ব্যবহার নিশ্চিতকরণে দিক-নির্দেশনা প্রদান।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ মোস্তাফিজুর রহমান)

যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোনঃ ৯৫১১০৩৬

উপপরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়

প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করে ২০০ (দুইশত)


কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হল]

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-১৩১

তারিখ ০৫ ভাদ্র ১৪২১
২০ আগস্ট ২০১৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব/.....মন্ত্রণালয়/ বিভাগ।
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা । মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৪। মাননীয় মন্ত্রী/মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা/ নির্বাহী চেয়ারম্যান, বিনিয়োগ বোর্ড/প্রতিমন্ত্রীর একান্ত সচিব,.....মন্ত্রণালয়/ বিভাগ। মাননীয় মন্ত্রী/ উপদেষ্টা/নির্বাহী চেয়ারম্যান/ প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৫। উপসচিব, আইসিটি, মন্ত্রিপরিষদ বিভাগ। (প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৬। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।


২০ আগস্ট ২০১৪
(মোঃ জয়নাল আবেদীন)
সহকারী সচিব
ফোন: ৯৫১১০৮১।